গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
**বাজেট ও অডিট শাখা**

**বিষয়ঃ ২৬/০৪/২০১৫ তারিখ অনুষ্ঠিত বাজেট ওয়ার্কিং গ্রুপ (BWG)-এর সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভার তারিখ | ঃ | ২৬/০৪/২০১৫ |
| সময় | ঃ | বেলা ২.৩০ ঘটিকা। |
| স্থান | ঃ | মন্ত্রণালয়ের সভাকক্ষ (কক্ষ নং-৬১০-১২)। |
| উপস্থিতি | ঃ | পরিশিষ্ট-১ দ্রষ্টব্য। |
| সভাপতি | ঃ | জনাব মোঃ সিরাজুল হক খান, অতিরিক্ত সচিব (উন্নয়ন), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়। |

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সম্মানিত সভাপতি সভা আরম্ভ করেন। তিনি প্রথমে সভার প্রেক্ষাপট তুলে ধরেন এবং অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত বাজেট পরিপত্র-২ এর আলোকে নির্ধারিত সময়ের মধ্যে ২০১৫-১৬ অর্থবছরের বাজেট প্রাক্কলন, ২০১৬-১৮ অর্থবছরের বাজেট প্রক্ষেপণ (উন্নয়ন ও অনুন্নয়ন) ও রাজস্ব প্রাপ্তির ফরমসমূহ যথাযথভাবে পূরণপূর্বক অর্থ বিভাগ ও পরিকল্পনা কমিশনে প্রেরণের উপর গুরুত্ব আরোপ করেন। তিনি অর্থ বিভাগ কর্তৃক নির্ধারিত ব্যয়সীমার আলোকে বাস্তবতার নিরিখে অর্থ বিভাজনের উপর গুরুত্ব আরোপ করেন। অতঃপর সকলকে আলোচনায় অংশগ্রহণের জন্য আহ্বান জানান।

২। সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব (বাজেট ও অডিট) সভাকে অবহিত করেন যে, এ মন্ত্রণালয় এবং অধীনস্থ দপ্তর/সংস্থাসমূহের জন্য অর্থ বিভাগ হতে ২০১৫-১৬ অর্থ বছরের বাজেট প্রাক্কলন এবং ২০১৬-১৭ ও ২০১৭-১৮ অর্থবছরের বাজেট প্রক্ষেপণে (উন্নয়ন ও অনুন্নয়ন) প্রাথমিক ব্যয়সীমা যথাক্রমে ১৪৫০৫,২৬,০০ হাজার টাকা, ১৫৯৫৫,৭৮,০০ হাজার টাকা এবং ১৭৫৫১,৩৫,০০ হাজার টাকা নির্ধারণ করা হয়েছে। অর্থ বিভাগ কর্তৃক নির্ধারিত ব্যয়সীমা এ মন্ত্রণালয় এবং এর আওতাধীন অধিদপ্তর/সংস্থাসমূহের মধ্যে বিভাজন করতে হবে। তিনি অর্থ বিভাগ কর্তৃক নির্ধারিত ব্যয়সীমা হতে ২০১৫-১৬ অর্থবছরের অনুন্নয়ন বাজেট প্রাক্কলন ৮৯৬৩,৫৬,০০ হাজার টাকা, ২০১৬-১৭ অর্থবছরের প্রক্ষেপণ ৯৯৫৪,৩৪,০০ হাজার টাকা, ২০১৭-১৮ অর্থবছরের ১০৯৩৯,৭৭,০০ হাজার টাকা এবং ২০১৫-১৬ অর্থবছরের উন্নয়ন বাজেট প্রাক্কলন ৫৫৪১,৭০,০০ হাজার টাকা, ২০১৬-১৭ অর্থবছরের প্রক্ষেপণ ৬০০১,৪৪,০০ হাজার টাকা, ২০১৭-১৮ অর্থবছরের ৬৬১১,৫৮,০০ হাজার টাকা নির্ধারণের প্রস্তাব সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করেন।

৩। যুগ্মসচিব (বাজেট ও অডিট) আরো উল্লেখ করেন, অর্থ বিভাগ কর্তৃক রাজস্ব প্রাপ্তি ২০১৫-১৬ অর্থবছরের প্রাক্কলন ৫৫,৯২,০০ হাজার টাকা, ২০১৬-১৭ অর্থবছরের প্রক্ষেপণ ৫৯,২৭,০০ হাজার টাকা, ২০১৭-১৮ অর্থবছরের প্রক্ষেপণ ৬২,৮২,০০ হাজার টাকা নির্ধারণ করা হয়েছে। নির্ধারিত লক্ষ্যমাত্রার আলোকে এ মন্ত্রণালয় এবং এর আওতাধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থাসমূহের ২০১৫-১৬ অর্থবছরের প্রাক্কলন ৫৫,৯২,০০ হাজার টাকা, ২০১৬-১৭ অর্থবছরের প্রক্ষেপণ ৫৯,২৭,০০ হাজার টাকা, ২০১৭-১৮ অর্থবছরের প্রক্ষেপণ ৬২,৮২,০০ হাজার টাকা নির্ধারণ করা হয়। তিনি প্রস্তাবিত আয়সীমা সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করেন।

৪। এ মন্ত্রণালয়ের সহকারী প্রধান (পরি-১) জানান যে, আগামী ২০১৫-১৬ অর্থবছরে বাজেট পরিপত্র-২ এ প্রদত্ত সিলিং অনুযায়ী উন্নয়ন বাজেটে জিওবি খাতে ৫৫৪১.৭০ কোটি টাকা পাওয়া গেছে। কিন্তু বাস্তবে চাহিদা বেশি থাকায় সিলিং মোতাবেক প্রাপ্ত অর্থের অতিরিক্ত আরও ১৭৫৮.০০ কোটি টাকা অর্থ বিভাগের নিকট চাওয়া হয়েছিল। কিন্তু অর্থ বিভাগ অতিরিক্ত জিওবি খাতে মাত্র ৫০০.০০ কোটি টাকা বরাদ্দ প্রদান করেছে, যা চাহিদার তুলনায় অপ্রতুল। তিনি সভাকে অবহিত করেন যে, উপবৃত্তি প্রকল্পটি জুন/২০১৫ সময়ে সমাপ্ত হলেও প্রকল্পটি নতুন করে গ্রহণ করার কার্যক্রম চলমান আছে, যা আগামী জুলাই/২০১৫ সময় থেকে বাস্তবায়িত হবে। প্রকল্পটি অনুমোদিত হলে জিওবি অর্থে বরাদ্দ প্রদান করতে হবে। এ লক্ষ্যে থোক বরাদ্দ হিসেবে ৪২১ কোটি টাকা রাখার প্রস্তাব করা হয়েছে। সভায় জানানো হয় যে, প্রাপ্ত উন্নয়ন বরাদ্দ হতে প্রাথমিক শিক্ষা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন উন্নয়ন প্রকল্প ৪৯৯৫.৩১ কোটি এবং উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর জন্য ১২৫.০০ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব করা হয়েছে।

৫। এ মন্ত্রণালয়ের সহকারী সচিব (বাজেট ও অডিট) উল্লেখ করেন যে, অর্থ বিভাগ কর্তৃক নির্ধারিত সময়ে বাজেট প্রণয়নের লক্ষ্যে এ মন্ত্রণালয়ের আওতাধীন বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট, জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমী (নেপ) ও উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো আগামী ৩০/০৪/২০১৫ তারিখ এবং প্রাথমিক শিক্ষা অধিদপ্তর ০৪/০৫/২০১৪ তারিখ (উন্নয়ন ও অনুন্নয়ন) বাজেট সংশ্লিষ্ট কর্মকর্তাসহ এ মন্ত্রণালয়ে রক্ষিত কম্পিউটারে আইবাস ডাটাএন্ট্রি সম্পন্ন করতে হবে মর্মে তিনি উল্লেখ করেন। তিনি আরও উল্লেখ করেন যে, অধিদপ্তর/সংস্থাসমূহ স্ব স্ব বাজেট ব্যবস্থাপনা কমিটির সভা আহ্বানপূর্বক কমিটির অনুমোদনক্রমে আগামী ২৯/০৪/২০১৫ তারিখের মধ্যে অর্থ বিভাগ কর্তৃক নির্ধারিত ফরমে বাজেট এ মন্ত্রণালয়ে প্রেরণের অনুরোধ করেন।

৬। সভায় সামগ্রিক আলোচনা ও মতবিনিময়ের প্রেক্ষিতে সভাপতি সরকারের সীমিত সম্পদের সর্বোচ্চ সদ্ব্যবহার নিশ্চিত করার উপর গুরুত্ব আরোপ করেন।

৭। **বিস্তারিত আলোচনার পর নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ**

(১) ২০১৫-১৬ অর্থবছরের অনুন্নয়ন বাজেট প্রাক্কলন ৮৯৬৩,৫৬,০০ হাজার টাকা, ২০১৬-১৭ অর্থবছরের প্রক্ষেপণ ৯৯৫৪,৩৪,০০ হাজার টাকা, ২০১৭-১৮ অর্থবছরের ১০৯৩৯,৭৭,০০ হাজার টাকা এবং ২০১৫-১৬ অর্থবছরের উন্নয়ন বাজেট প্রাক্কলন ৫৫৪১,৭০,০০ হাজার টাকা, ২০১৬-১৭ অর্থবছরের প্রক্ষেপণ ৬০০১,৪৪,০০ হাজার টাকা, ২০১৭-১৮ অর্থবছরের ৬৬১১,৫৮,০০ হাজার টাকা নির্ধারণ করার প্রস্তাব অনুমোদিত হয় (পরিশিষ্ট-ক);

(২) রাজস্ব প্রাপ্তি ২০১৫-১৬ অর্থবছরের প্রাক্কলন ৫৫,৯২,০০ হাজার টাকা, ২০১৬-১৭ অর্থবছরের প্রক্ষেপণ ৫৯,২৭,০০ হাজার টাকা, ২০১৭-১৮ অর্থবছরের প্রক্ষেপণ ৬২,৮২,০০ হাজার টাকার লক্ষ্যমাত্রা অনুমোদিত হয় (পরিশিষ্ট-খ);

(৩) অর্থ বিভাগ কর্তৃক নির্ধারিত সময়ে বাজেট প্রণয়নের লক্ষ্যে এ মন্ত্রণালয়ের আওতাধীন বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট, জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমী (নেপ) ও উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো আগামী ৩০/০৪/২০১৫ তারিখ এবং প্রাথমিক শিক্ষা অধিদপ্তর ০৪/০৫/২০১৪ তারিখ (উন্নয়ন ও অনুন্নয়ন) কর্মকর্তাসহ এ মন্ত্রণালয়ে রক্ষিত কম্পিউটারে আইবাস ডাটাএন্ট্রি সম্পন্ন করা এবং স্ব স্ব বাজেট ব্যবস্থাপনা কমিটির সভা আহ্বানপূর্বক কমিটির অনুমোদনক্রমে সভার কার্যবিবরণীসহ আগামী ২৯/০৪/২০১৫ তারিখের মধ্যে অর্থ বিভাগ কর্তৃক নির্ধারিত ফরমে বাজেট এ মন্ত্রণালয়ে প্রেরণের করার সিদ্ধান্ত গৃহীত হয়;

(৪) প্রস্তাবিত বাজেট প্রাক্কলন ও প্রক্ষেপণ, রাজস্ব প্রাপ্তি বাজেট ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।

৮। আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্ত করেন।

স্বাক্ষরিত/-
২৭/০৪/২০১৫
(মোঃ সিরাজুল হক খান)
অতিরিক্ত সচিব
ও
সভাপতি
বাজেট ওয়ার্কিং গ্রুপ।

নং-৩৮.০০.২৬৭৫.০০৬.২০.১১৫.১৫-০৯৮

তারিখঃ ১৪ বৈশাখ ১৪২২ / ২৭ এপ্রিল ২০১৫

**কার্যার্থে প্রেরণ করা হলোঃ**

১. মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর, ঢাকা।
২. মহাপরিচালক, বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট, শিক্ষা ভবন, ঢাকা।
৩. মহাপরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, তেজগাঁও, ঢাকা।
৪. মহাপরিচালক, জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমী (নেপ), ময়মনসিংহ।
৫. পরিচালক, শিশু কল্যাণ ট্রাস্ট, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর, ঢাকা।
৬. উপপ্রধান (পরিকল্পনা), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।
৭. সিনিয়র সহকারী সচিব (বাজেট-১), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
৮. সিনিয়র সহকারী প্রধান (শিক্ষা উইং), পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৯. সহকারী প্রধান (পরিকল্পনা-১), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।
১০. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, সচিবালয় ভবন, ৩য় ফেজ (৫ম তলা), সেগুনবাগিচা, ঢাকা।
১১. হিসাবরক্ষণ কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।

**সদয় জ্ঞাতার্থে অনুলিপিঃ**

১. পরিচালক (অর্থ/পরিকল্পনা), উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, তেজগাঁও, ঢাকা।
২. পরিচালক (অর্থ/পরিকল্পনা), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর, ঢাকা।
৩. সচিবের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।
৪. অতিরিক্ত সচিব (উন্নয়ন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।
৫. যুগ্ম-সচিব (বাজেট ও উন্নয়ন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।

২৭।০৪।২০১৫
(মোঃ রেজাউল করিম)
সহকারী সচিব
ফোনঃ ৯৫৭৭২৬৩